

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৬০

२१/ शिष्ठां (کتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/১. মাতা-পিতার সাথে সদ্যবহার

بَاب بِرِّ الْوَالِدَيْن

আরবী

حَدَّ ثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّ ثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ عَنْ عَاصِمٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ الْقِنْطَارُ اثْنَا عَشَرَ أَلْفَ أُوقِيَّةٍ كُلُّ أُوقِيَّةٍ خَيْرٌ مِمَّا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ وَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِنَّ الرَّجُلَ لَتُرْفَعُ دَرَجَتُهُ فِي الْجَنَّةِ فَيَقُولُ أَنَّى هَذَا فَيُقَالُ بِاسْتِغْفَارِ وَلَدِكَ لَكَ عليه وسلم إِنَّ الرَّجُلَ لَتُرْفَعُ دَرَجَتُهُ فِي الْجَنَّةِ فَيَقُولُ أَنَّى هَذَا فَيُقَالُ بِاسْتِغْفَارِ وَلَدِكَ لَكَ

বাংলা

8/৩৬৬০। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এক কিনতার হল বারো হাজার উকিয়ার সমান এবং উকিয়া হলো আসমান-যমিনের মাঝখানে যা কিছু আছে তার চেয়ে উত্তম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেনঃ জান্নাতে মানুষের মর্যাদা অবশ্যই বৃদ্ধি করা হবে। সে বলবে, এটা (মর্যাদা বৃদ্ধি) কিভাবে হল? বলা হবে, তোমার জন্য তোমার সন্তানের ক্ষমা প্রার্থনার বদৌলতে।

English

Abu Hurairah, may Allah be pleased with them, narrated that: Allah's Messenger said: "Qintar is twelve thousand 'Uqiyah, each 'Uqiyah of which is better than what is between heaven and earth." And the Messenger of Allah() said: "A man will be raised in status in Paradise and will say: 'Where did this come from?' And it will be said: 'From your son's praying for forgiveness for you.'"

ফুটনোট



শহীহাহ ১৫৯৮, মিশকাত ২৩৫৪।

উক্ত হাদিসের রাবী আসিম বিন বাহদালাহ সম্পর্কে আবু বকর আল-বাযযার বলেন, তিনি হাফিয ছিলেন না, তার হাদিস কেউ বর্জন করেছেন এমন কাউকে পাইনি। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার স্মৃতিশক্তি দুর্বল ছাড়া তার মাঝে অন্য কোন দোষ পাইনি। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সিকাহ। ইসমাইল বিন উলায়্যাহ বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার স্মৃতিশক্তি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০০২, ১৩/৪৭৩ নং পৃষ্ঠা)

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। এই হাদীসটির দাবি মোতাবেক প্রকৃত ইসলামের সঠিক আকীদা বা মতবাদ, বিধি-বিধান এবং সুনীতি ও চারিত্রিক বৈশিষ্ট্যগুলির আলোকে সন্তানসন্ততির সুন্দরভাবে শিক্ষা প্রদান করা অপরিহার্য। কেননা যে সন্তান মাতা-পিতার জন্য মহান আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করে, সে যেন প্রকৃত ইসলামের শিক্ষা মোতাবেক নিজে সজ্জনদের অন্তর্ভুক্ত হয়। কিন্তু যে সন্তান নিজেই সজ্জনদের অন্তর্ভুক্ত নয়, সে নিজের জন্য অথবা নিজের মাতা-পিতার জন্য কিংবা অন্য কোনো লোকের জন্য মহান আল্লাহর নিকটে ক্ষমা প্রার্থনা করতে পারবে না।
- ২। প্রত্যেক মুসলিম সুসন্তানের উচিত যে, সে যেন, তার মাতা-পিতার জন্য মহান আল্লাহর কাছে ক্ষমা ও করুণা প্রার্থনা করে এবং তাঁদের পক্ষ থেকে তাঁদের মঙ্গলের জন্য দান প্রদান করে।
- ৩। প্রত্যেক মুসলিম সুসন্তানের দোয়ার মাধ্যমে মহান আল্লাহর কাছে তার মাতা-পিতার সমুন্নত মর্যাদা লাভ হয়।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন